

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪২৪

১/ বিবিধ

আরবী

إذا دخل الرجل على أخيه فهو أمير عليه حتى يخرج من عنده
موضوع

رواه ابن عدي (53/2) عن عثمان بن عبد الرحمن عن عنبرة عن جعفر بن الزبير عن
القاسم عن أبي أمامة مرفوعا

أورده في ترجمة جعفر هذا في جملة من أحاديث له، وقال في آخرها
"وله أحاديث غير ما ذكرت عن القاسم، وعمتها مما لا يتبع عليه، والضعف
على حديثه بين

قلت: كذبه شعبة. وقال البخاري
"تركوه"

لكن من دونه شر منه، فإن كلام عنبرة وهو ابن عبد الرحمن بن عنبرة بن سعيد
القرشي وعثمان بن عبد الرحمن وهو القرشي الوقاصي وضاع. وكأن المناوي لم
يقف

على هذا الإسناد التالف فاقتصر على قوله فيه: إلا من قلة التحقيق، وعدم مراجعة
الأسانيد، وإنما

لم يخف ذلك على مثله إن شاء الله تعالى

وقد بينت وضع حديث أبي أمامة، فلن بين وضع حديث أبي هريرة هذا، فأقول
"إذا دخل قوم منزل رجل كان رب المنزل أمير القوم حتى يخرجوا من منزله طاعته"

عليهم واجبة

বাংলা

১৪২৪। যখন কোন ব্যক্তি তার ভাইয়ের নিকট প্রবেশ করবে (যাবে) তখন তার নিকট থেকে বের না হওয়া পর্যন্ত সে (তার ভাই) হবে তার নেতা।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আদী (২/৫৩) উসমান ইবনু আবদির রহমান হতে, তিনি আস্বাসা হতে, তিনি জাফর ইবনুয় যুবায়ের হতে, তিনি কাসেম হতে, তিনি আবু উমামাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

তিনি জাফারের জীবনী বর্ণনা করতে গিয়ে তার আরো কতিপয় হাদীসের মধ্যে এ হাদীসটিকেও উল্লেখ করেছেন। তিনি সেগুলোর শেষে বলেনঃ কাসেম হতে তার যেসব হাদীস উল্লেখ করেছি এগুলো ছাড়াও তার কতিপয় হাদীস রয়েছে। সেগুলোর অধিকাংশের মুতাবা'য়াত করা হয়নি। তার হাদীসের মধ্যে দুর্বলতা সুস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ শু'বা তাকে মিথ্যক আখ্যা দিয়েছেন। আর ইমাম বুখারী বলেছেনঃ তারা (মুহাদ্দিসগণ) তাকে ত্যাগ করেছেন।

কিন্তু তার নিচের বর্ণনাকারী তার চেয়েও নিকৃষ্ট। কারণ বর্ণনাকারী আস্বাসা ইবনু আবদির রহমান ইবনে আস্বাসা ইবনে সাইদ কুরাশী এবং উসমান ইবনু আদির রহমান কুরাশী ওকাসী তারা দু'জনই জালকারী। সম্ভবত মানবী এ ধৰ্মসাত্ত্বক সনদটির সমস্যা সম্পর্কে অবগত হননি, এ কারণে শুধুমাত্র বলেছেনঃ দুর্বল।

তিনি শুধুমাত্র এ কথা বলেই ক্ষান্ত হননি বরং পরক্ষণেই বলেছেনঃ তবে হাদীসটিকে শক্তি যোগায় দায়লামী কর্তৃক আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণিত হাদীসঃ

“যখন কোন সম্প্রদায় কোন ব্যক্তির গৃহে প্রবেশ করে তখন বাড়ির মালিক তাদের নেতা হয়ে যায় যে পর্যন্ত তারা তার বাড়ি থেকে বেরিয়ে না যায় এবং তাদের উপর তার আনুগত্য করা ওয়াজিব হয়ে যায়।”

আমি (আলবানী) বলছিঃ মানবীর নিকট যা দেখেছি এটি সেগুলোর মধ্যে সর্বাপেক্ষা আজব ধরনের। কারণ আবু হুরাইরাহ (রাঃ)-এর এ হাদীসটিও বানোয়াট। তার থেকে এ ঘটনা ঘটেছে সনদগুলো যাচাই বাচাই না করার কারণে। অন্যথায় তার মত ব্যক্তির নিকট একপ সমস্যা গোপন থাকার কথা নয় ইনশা আল্লাহ। আবু উমামা (রাঃ)-এর হাদীসটি বানোয়াট হওয়ার ব্যাখ্যা প্রদান করেছি, এখন আবু রাইরাহ (রাঃ)-এর উদ্ধৃতিতে বর্ণিত হাদীসটির বানোয়াট হওয়ার ব্যাখ্যা প্রদান করছিঃ (দেখুন পরেরটি)

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72303>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন